

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

স্মারক নং-খুপ্রবি/

তারিখ:

বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অতি সম্প্রতি দেশ বরেণ্য লেখক-শিক্ষাবিদ সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল দুষ্কৃতিকারীর ছুরিকাঘাতে গুরুতর আহত হন। বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসেই দিনের বেলায় এই হামলা সংঘটিত হয়। অত্র বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে উক্ত হামলার জন্য নিন্দা জানানো হয়।

অত্র বিশ্ববিদ্যালয় জঙ্গীবাদ ও মাদকের বিরুদ্ধে সব সময় অবস্থান নিয়ে এসেছে। এ লক্ষ্যে প্রচার প্রচরণাও অব্যাহত আছে। বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে এ ধরনের ঘটনা ঘটায় অত্র বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উদ্বিগ্ন।

অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীসহ সকলের নিরাপত্তা নিশ্চিত করার জন্য এখন থেকে বিশ্ববিদ্যালয়ের প্রবেশদ্বারসমূহে নিরাপত্তা তল্লাশি নিশ্চিত করা হবে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীসহ সকলকে নিজ পরিচয় প্রদান, প্রয়োজনে পরিচয়পত্র দেখানোসহ এ কাজে সকলকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ আদেশ জারী করা হলো।


০৪/০৩/১৬-২০
(জি. এম. শহিদুল আলম)
রেজিস্ট্রার

স্মারক নং-খুপ্রবি/ ২২৩০/৪৫ তারিখ: ০৪/৩/১৬